# এহইয়াউস সুনান

## সুন্নাতের পুনরুজ্জীবন ও বিদ'আতের বিসর্জন

إحياء السنن

ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রাহিমাহুল্লাহ)

# লেখক পরিচিতি

**নাম ও পরিচয়:** ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর ﷺ একজন প্রখ্যাত আলেম ও বহু গ্রন্থ প্রণেতা ছিলেন। তাঁর পূর্ণ নাম: আবু নসর মুহাম্মদ আব্দুল্লাহ জাহাঙ্গীর। তাঁর পিতার নাম খোন্দকার আনোয়ারুজ্জামান ﷺ। তিনি আব্দুল্লাহ জাহাঙ্গীর নামে দেশ জুড়ে পরিচিত।

**জন্ম ও শৈশবকাল:** এই মহা মনীষী বৃহত্তর যশোর জেলার তৎকালীন ঝিনাইদহ মাহকুমার শৈলকুপা থানার দিগনগর গ্রামে ইংরেজি ১৯৫৮ সালের ৫ নভেম্বর, বাংলা ১৩৬৫ সালের ১৯ কার্তিক ও হিজরী ১৩৭৮ সালের ২৩ রবিউস সানি বুধবার বিকাল ৪ ঘটিকায় জন্ম গ্রহণ করেন। (সনদপত্রে প্রদত্ত জন্ম তারিখ: ১৯৬১ সালের ১ ফেব্রুয়ারি। তবে প্রকৃত জন্ম তারিখ হলো ১৯৫৮ সালের ৫ নভেম্বর)। ঝিনাইদহ সদরের নরহরিদ্রা হলো তাঁর নিজ গ্রাম। পরবর্তীতে তাঁর পিতা ঝিনাইদহ সদরের ধোপাঘাটা-গোবিন্দপুর গ্রামে স্থায়ীভাবে বসবাস শুরু করেন। তাঁর শৈশবের অধিকাংশ সময় কেটেছে মুরারিদহে 'মিঞার দালান' খ্যাত বাড়িতে।

**শিক্ষা জীবন:** তিনি ১৯৬৮ সালে ঝিনাইদহ আলিয়া মাদরাসায় ভর্তি হন। সেখান থেকে ১৯৭৩ সালে দাখিল, ১৯৭৫ সালে আলিম এবং ১৯৭৭ সালে ফাযিল পাশ করেন। তারপর তিনি উচ্চশিক্ষার স্বপ্ন নিয়ে 'মাদরাসা-ই-আলিয়া, ঢাকা'-তে (কামিল: হাদীস বিভাগ) ৭৮-১৯৭৭ শিক্ষাবর্ষে ভর্তি হন এবং উক্ত বিভাগ থেকে মাদ্রাসা বোর্ডে ৮ম স্থান অধিকার করে সুনামের সাথে কামিল পাশ করেন। ১৯৮১ সালে স্কলারশিপ অর্জন করে সৌদি আরবের রাজধানী রিয়াদে অবস্থিত ইমাম মুহাম্মদ বিন সউদ ইসলামি বিশ্ববিদ্যালয়ে পড়ার সুযোগ লাভ করেন। উক্ত বিশ্ববিদ্যালয়ে তাঁর লিসান্স শেষ হয় ১৯৮৬ সালে, মাস্টার্স সমাপ্ত হয় ১৯৯২ সালে। ১৯৯৮ সালে তিনি পিএইচডি ডিগ্রি লাভ করেন।

**শিক্ষকতা ও কর্মজীবন:** সৌদি আরবের রাজধানী রিয়াদেই তিনি তাঁর বর্ণাঢ্য ছাত্রজীবনের ইতি টানেন। তারপর ১৯৯৮ সালের ৩ সেপ্টেম্বর কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ে 'আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ' বিভাগে লেকচারার হিসেবে যোগদান করেন। তিনি ১৯৯৯ সালে সহকারী অধ্যাপক, ২০০৪ সালে সহযোগী অধ্যাপক এবং ২০০৯ সালে অধ্যাপক পদে পদোন্নতি পেয়ে আমৃত্যু সেই বিভাগেই তিনি কর্মরত ছিলেন।

**সামাজিক কর্ম:** ১৯৯৮ খ্রিস্টাব্দে তিনি "আল-ফারুক একাডেমী" প্রতিষ্ঠা করেন। বিশুদ্ধ ইসলামী জ্ঞানের প্রচার ও মানবসেবার মহৎ উদ্দেশ্যে ২০১১ সালে "আস-সুন্নাহ ট্রাস্ট" প্রতিষ্ঠা করেন। উক্ত প্রতিষ্ঠানে বর্তমানে ইসলামী শিক্ষা প্রচার, দুস্থ নারী ও এতিম শিশুদের সেবা প্রদান সহ বিভিন্ন ইসলামী ও সামাজিক কর্মকাণ্ড পরিচালিত হচ্ছে।

**মৃত্যু:** ২০১৬ সালের ১১ মে তিনি সড়ক দুর্ঘটনায় ইন্তেকাল করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৮ বছর। আল্লাহ তাঁকে জান্নাতের উচ্চ মর্যাদা দান করুন।

## সূচিপত্র

### প্রথম অধ্যায়
### সুন্নাতের পরিচিতি ও গুরুত্ব/৩৩


প্রথমত, সুন্নাতে নববীর পরিচিতি /৩৩
'সুন্নাত' শব্দের অর্থ/৩৩
কুরআন-হাদীসে 'সুন্নাত' শব্দের প্রয়োগ/৩৪
(ক) কুরআন কারীমে 'সুন্নাত': রীতি, পদ্ধতি, প্রকৃতি বা কর্মপন্থা/৩৪
(খ) হাদীস শরীফে 'সুন্নাত': ভালো বা মন্দ রীতি বা পদ্ধতি অর্থে/৩৫
(গ) হাদীসে 'সুন্নাতে রাসূল': রাসূলুল্লাহ ﷺ-এর সামগ্রিক জীবন পদ্ধতি: /৩৮
প্রথম অর্থ: 'শরীআতে মুহাম্মাদী' অর্থে 'সুন্নাতে মুহাম্মাদী' ﷺ /৩৮
রাসূলুল্লাহ ﷺ-এর কর্ম যেমন সুন্নাত, তাঁর বর্জনও তেমনি সুন্নাত/৪১
সাহাবীগণের ভাষায় সুন্নাত: ফরয, ওয়াজিব, নফল, মুবাহ সবই সুন্নাত/৪৫
(ক) রাসূলুল্লাহ ﷺ-এর শেখানো ফরয, ওয়াজিব, নফল সবই সুন্নাত/৪৫
(১) রাসূলুল্লাহ ﷺ প্রবর্তিত ফরয রীতিও সুন্নাত/৪৫
(২) ফরয, ওয়াজিব ও নফল সবই সুন্নাত/৪৬
(৩) সুন্নাতের খিলাফ করা কুফরী/৪৮
(খ) সুন্নাত-সম্মত 'মুবাহ' রীতিও সুন্নাত/৪৮
(১) একটি মাত্র কাপড় পরে সালাত আদায় সুন্নাত/৪৮
(২) মোজার উপর মোসেহ করা সুন্নাত ও ওয়াজিব: ইমাম আবু হানীফা/৪৯
(৩) হজ্বের সময় কুরবানির উটের পিঠে সওয়ার হওয়া সুন্নাত/৫০
(৪) ইহরাম অবস্থায় তাওয়াফ করা সুন্নাত/৫১
প্রথম অর্থের দুটি বিশেষ ব্যবহার/৫২
(১) কুরআনের বাইরে রাসূলুল্লাহ ﷺ-এর সকল শিক্ষাই সুন্নাত/৫২
(২) বিদ'আতের মুকাবিলায় সুন্নাত/৫৪
দ্বিতীয় অর্থ: ফরযের অতিরিক্ত নিয়মিত প্রয়োজনীয় কাজ অর্থে সুন্নাত/৫৬
**দ্বিতীয়ত, সুন্নাতে নববীর গুরুত্ব/৫৭**
**(ক) কুরআন কারীমে সুন্নাতের গুরুত্ব/৫৭**
(১) তাঁর আনুগত্য ও অনুসরণই নাজাতের ওসীলা/৫৭
(২) তাঁর আনুগত্যেই আল্লাহর আনুগত্য করা হয়/৫৯
(৩) তাঁর আনুগত্য ও অনুসরণ করাই ঈমানের আলামত/৬০
(৪) তাঁর আনুগত্য ও অনুসরণ না করা ধ্বংস ও শাস্তির কারণ/৬০
(৫) রাসূলুল্লাহ ﷺ-এর সাহাবীগণের ঈমান ও তাঁদের অনুসরণের গুরুত্ব/৬২
**(খ) হাদীস শরীফে 'সুন্নাত' এর গুরুত্ব/৬২**
(১) সুন্নাতের পরিপূর্ণ ও হুবহু অনুসরণই নাজাতের ওসীলা/৬২

(২) কুরআন ও সুন্নাতের পরিপূর্ণ অনুসরণই বিভ্রান্তি থেকে বাঁচার উপায়/৬৪
(৩) সুন্নাত অনুযায়ী অল্প নেক কর্মেও বেশি সাওয়াব/৬৪
(৪) মৃত সুন্নাত পালন করা ও পুনর্জীবিত করার পুরস্কার/৬৬
(৫) সুন্নাতের বাইরে কোনো আমলই গ্রহণ করা হবে না/৬৭
(৬) খুলাফায়ে রাশেদীনের সুন্নাত অনুসরণ করতে হবে/৬৯
(৭) সাহাবীগণের সুন্নাত ও পরবর্তী দুই প্রজন্মের মর্যাদা/৭০
**(গ) সাহাবায়ে কেরামের জীবনে সুন্নাতের গুরুত্ব/৭১**
প্রথমত, সকল ইবাদত ও জাগতিক কর্মে তাঁর পরিপূর্ণ অনুসরণ/৭১
(১) কোনো যুক্তি বা অজুহাতে তাঁর শিক্ষার বাইরে না যাওয়া/৭২
(২) সকল যুক্তির ঊর্ধ্বে শুধু রাসূলুল্লাহ ﷺ-এর অনুসরণে ইবাদত পালন/৭৩
(৩) কর্মে, বর্জনে, ইবাদতে ও মুআমালাতে অবিকল তাঁরই অনুসরণ/৭৫
(৪) রাসূলুল্লাহ ﷺ যা বর্জন করেছেন তা বিনা যুক্তিতে বর্জন করা/৭৬
(৫) রাসূলুল্লাহ ﷺ যা খেতে পছন্দ করতেন সাহাবীগণও তা পছন্দ করতেন/৭৭
(৬) ক্ষুদ্রাতিক্ষুদ্র জাগতিক কাজেও তাঁরই অনুসরণের আপ্রাণ চেষ্টা করা/৭৮
(৭) ইবাদত ও জাগতিক সকল বিষয়ে রাসূলুল্লাহ ﷺ-এর পূর্ণ অনুসরণ /৮০
দ্বিতীয়ত, তাঁর পদ্ধতির সামান্যতম ব্যতিক্রম বর্জন ও প্রতিরোধ করা/৮১
(১) রাসূলুল্লাহ ﷺ-এর পদ্ধতির অতিরিক্ত দরুদ সালাম পাঠে অসম্মতি/৮২
(২) রাসূলুল্লাহ ﷺ-এর পদ্ধতির অতিরিক্ত দু'আ বা ওয়াযে অসম্মতি/৮৪
(৩) রাসূলুল্লাহ ﷺ-এর পদ্ধতির বাইরে সালাতে ডাকাও বিদ'আত/৮৬
(৪) সুন্নাত পদ্ধতির বাইরে এতেকাফ করাও বিদ'আত/৮৭
(৫) সুন্নাত পদ্ধতি বহির্ভূত যিক্‌রে তাঁরা ঘোরতরভাবে বাধা প্রদান করেছেন/৮৭
(৬) খিলাফে সুন্নাতের বিরোধিতা ও সুন্নাত পদ্ধতিতে সার্বক্ষণিক যিক্‌র/৯০
(৭) রাসূলুল্লাহ ﷺ-এর নিয়মের বাইরে সুন্নাত সালাত আদায়ে অনাগ্রহ/৯২
(৮) সুন্নাতের বাইরে কোনো নেককর্ম না করার জন্য তাঁদের শিক্ষা/৯৩
(৯) বিদ'আত যতই প্রসার লাভ করুক বা জনপ্রিয় হোক তা বর্জনীয়/৯৫
(১০) বিদ'আতের বিরোধিতা করাই আল্লাহর ওলীদের কর্ম ও পরিচয়/৯৬
(১১) সকল বিদ'আতই খারাপ, মানুষ যতই তাকে ভালো মনে করুক /৯৭
(১২) বিদ'আতীর সাথে সম্পর্ক না রাখা/৯৭
**(ঘ) সাহাবীগণের দৃষ্টিতে সুন্নাতে খুলাফা ও সুন্নাতে সাহাবা/৯৭**
প্রথমত, সাহাবীগণের দৃষ্টিতে খুলাফায়ে রাশেদীনের সুন্নাত/৯৭
দ্বিতীয়ত, সাহাবীগণের দৃষ্টিতে সাহাবীগণের সুন্নাত/৯৯
(১) সাহাবীগণের মতামত ও ইজমা ইসলামের প্রামাণ্য দলিল/৯৯
(২) নেক কর্মে তাঁরাই পরিপূর্ণ আদর্শ, তাঁদের পদ্ধতির ব্যতিক্রম বিভ্রান্তি/১০০
(৩) বেলায়াতে তাঁদের হালতই সর্বোত্তম, ব্যতিক্রম প্রশংসনীয় নয়/১০২
**(ঙ) সুন্নাতের গুরুত্ব সম্পর্কে পরবর্তী যুগের কতিপয় বুজুর্গের বাণী/১০২**

প্রথমত, কয়েকজন তাবেয়ী ও তাবে-তাবেয়ীর বাণী/১০৩
দ্বিতীয়ত, ৩য় হিজরী শতকের কয়েকজন সূফী ও বুজুর্গের বাণী/১০৫
**তৃতীয়ত, সুন্নাতের পরিচিতি ও গুরুত্ব: উপসংহার/১০৭**
**প্রথম, সুন্নাতে নববীর পরিচিতি ও সীমারেখা/১০৭**
**দ্বিতীয়, খুলাফায়ে রাশেদীন ও সাহাবীগণের সুন্নাত/১০৮**
(১) সাহাবীগণের অনুসরণ: ইমামগণের মতভেদ/১০৮
(২) খুলাফায়ে রাশেদীনের সুন্নাত: পরিচিতি ও পরিধি/১১১
(ক) আবু বকর ﷺ-এর সুন্নাত: ধর্মদ্রোহীদের সাথে যুদ্ধ, কুরআন সংকলন/১১২
(খ) রাষ্ট্র পরিচালনায় উমার ﷺ-এর বিভিন্ন সুন্নাত/১১৩
(গ) উসমান ও আলী ﷺ-এর সুন্নাত: কুরআন প্রচার, স্বরচিহ্ন, আরবি ব্যাকরণ/১১৩
(ঘ) জুম'আর সালাতের প্রথম আযান/১১৪
**তৃতীয়, সুন্নাতে সাহাবা: পরিচিতি ও পরিধি/১১৬**
**(১) সুন্নাতে নববীর ব্যাখ্যায় সুন্নাতে সাহাবা/১১৭**
(ক) দাড়ির পরিমাপ নির্ধারণ/১১৭
(খ) রাত্রের সালাতের রাক'আত ও কিরাআত/১১৭
(গ) পূর্ববর্তী রাষ্ট্রপ্রধান কর্তৃক পরবর্তী রাষ্ট্রপ্রধান নির্ধারণ করা/১১৮
(ঘ) সুন্নাত সালাত ঘরে বা মাসজিদে আদায়/১১৯
**(২) সুন্নাতে নববীর বিপরীতে কোনো সাহাবীর ব্যক্তিগত কর্ম/১২০**
(ক) মোযার উপর মসেহ করা/১২০
(খ) অযুর সময় খালি পা না-ধুয়ে মসেহ করা/১২১
(গ) একবার বা তিনবার মাথা মসেহ করা/১২১
(ঘ) রুকুর মধ্যে হাঁটু ধরা/১২১
(ঙ) সালাতরত অবস্থায় মুসাফাহা করা/১২২
(চ) সুন্নাতে সাহাবীর পর্যায় নির্ধারণে ইমাম আবু হানীফার মতামত/১২২
(ছ) সুন্নাতে নববীর বিপরীতে সাহাবীর কর্ম সম্পর্কে ইমাম সারাখসী/১২২
**চতুর্থ: সুন্নাতের অনুসরণ, উদ্ভাবন ও সুন্নাতের নামে প্রতারণা/১২৩**
**পঞ্চম: ইত্তিবায়ে সুন্নাত বনাম ইজমা, কিয়াস ও ইজতিহাদ/১২৭**

## দ্বিতীয় অধ্যায়

## সুন্নাত বনাম বিদ'আত/১৩১

**সুন্নাতের মুকাবিলায় বিদ'আত/১৩১**
**বিদ'আতের ১ম ব্যাখ্যা: /১৩২**
**সকল নতুনই বিদ'আত, কিন্তু সকল বিদ'আত খারাপ নয়/১৩২**
(ক) ইমাম শাফেয়ী সর্বপ্রথম বিদ'আতের ভালো ও মন্দ ভাগ করেন/১৩৩
(খ) বিদ'আতের ভালো বা মন্দ হওয়ার মাপকাঠি সুন্নাত/১৩৩

(গ) কোনো কোনো বিদ'আতকে ভালো বলার স্বপক্ষে প্রমাণাদি/১৩৫
(১) সকল নতুন কর্ম খারাপ হওয়া অযৌক্তিক ও অসম্ভব/১৩৫
(২) রাসূলুল্লাহ ﷺ স্বয়ং নতুন উদ্ভাবনের অনুমতি দিয়েছেন /১৩৫
(৩) সাহাবায়ে কেরাম অনেক নতুন বিষয় উদ্ভাবন করেছেন/১৩৬
(৪) সাহাবায়ে কেরাম কোনো কোনো বিদ'আতের প্রশংসা করেছেন/১৩৬
(৫) মুসলমানদের কোনো কাজ ভালো বা মন্দ বলার অধিকার আছে/১৩৭
(৬) বিদ'আত অর্থ 'নতুন', বিদ'আত অর্থই খারাপ নয়/১৩৮
(৭) সুন্নাতই ভালো ও মন্দ বিদ'আতের মাপকাঠি/১৩৮
বিদ'আতের ২য় ব্যাখ্যা:/১৩৯
ধর্মের মধ্যে নতুনত্ব বিদ'আত, সকল বিদ'আতই খারাপ/১৩৯
(ক) অন্যান্য ইমাম বিদ'আতের শ্রেণিবিভাগ করেননি/১৩৯
(খ) বিদ'আতের শ্রেণিবিভাগ নয়, কর্মের শ্রেণিবিভাগ/১৩৯
(গ) ইবাদতের ক্ষেত্রে উদ্ভাবন বিদ'আত ও সকল বিদ'আতই গোমরাহী/১৪০
(ঘ) জাগতিক বিষয়ে নব উদ্ভাবন বিদ'আত নয়/১৪১
(ঙ) উপকরণের ক্ষেত্রে উদ্ভাবন 'সুন্নাতে হাসানা' বা বিদ'আত হতে পারে/১৪১
(চ) সকল বিদ'আতকে পথভ্রষ্টতা বলার প্রমাণাদি/১৪৩
(১) কোনো বিদ'আতকে ভালো বললে এ বিষয়ের হাদীস অর্থহীন হয়ে যায়/১৪৪
(২) হাদীসের আলোকে বিদ'আতের সম্পর্ক ইবাদতের সাথে/১৪৫
(৩) সাওয়াবের সকল কর্ম তিনি শিখিয়ে গিয়েছেন, নতুনত্বের অবকাশ নেই/১৪৬
(৪) ইসলামী শরীয়তে ইবাদত ও জাগতিক কাজের মধ্যে পার্থক্য/১৪৬
(৫) ইবাদতের জাগতিক উপকরণের উদ্ভাবনও বিদ'আত হতে পারে/১৪৭
(৬) আল্লাহর নৈকট্য অর্জনে রাসূলুল্লাহ ও সাহাবীগণই সর্বোচ্চ আদর্শ/১৪৮
(৭) উদ্ভাবনের ক্ষেত্রে সাহাবীগণের অধিকার/১৪৮
(৮) উদ্ভাবনের ক্ষেত্রে সাহাবীগণের সুন্নাত/১৪৯
(৯) সাওয়াবের জন্য উদ্ভাবনের অর্থ রাসূলুল্লাহ ﷺ-এর সুন্নাত অপছন্দ করা/১৪৯
(১০) ইসলামের সর্বজনীনতা বনাম রাসূলুল্লাহ ﷺ-এর রীতি সংরক্ষণ/১৫১
(১১) উদ্ভাবনের প্রথম ক্ষেত্র: উপকরণ ও জনস্বার্থ/১৫২
(১২) উদ্ভাবনের দ্বিতীয় ক্ষেত্র: নতুন পরিস্থিতির জন্য ইজতিহাদ/১৫৩
(১৩) উদ্ভাবনের তৃতীয় ক্ষেত্র: বিশেষ কারণে পরিত্যক্ত সুন্নাত প্রতিপালন:/১৫৫
(১৪) সকল বিদ'আতই সুন্নাত বিনষ্ট করে/১৫৬
বিদ'আতের পরিচিতি: উপসংহার/১৫৭
মুজাদ্দিদে আলফে সানী ও বিদ'আতের শ্রেণিবিভাগ/১৫৮
(১) সকল বিদ'আতই পথভ্রষ্টতা, সকল বিদ'আতই সাইয়্যেআহ/১৫৮
(২) বিদ'আতে হাসানাও সুন্নাত বিনষ্টকারী/১৬০

(৩) বিদ'আত শয়তানের পছন্দ, সকল বিদ'আতই খারাপ/১৬২
(৪) ইবাদতের নতুনত্ব বিদ'আত, জাগতিক বিষয়ে নতুনত্ব বিদ'আত নয়/১৬৩
(৫) আপেক্ষিক অর্থে ছাড়া কোনো বিদ'আত হাসানা হতে পারে না/১৬৪
(৬) তিনটি কারণে বিদ'আতে হাসানাকেও পরিত্যাগ করতে হবে/১৬৫
(৭) সুন্নাতের অনুসরণ ও পুনরুজ্জীবনই মুজাদ্দিদের একমাত্র স্বপ্ন/১৬৭
(৮) বিদ'আতমুক্ত সুন্নাতের অনুসরণই বেলায়াতের ও কামালাতের পথ/১৬৮
(৯) সুন্নাতের বাইরে সকল রিয়াযত, মুজাহাদা ও সাধনা পথভ্রষ্টতা/১৭১
(১০) সুন্নাত মতো সামান্য কর্ম কঠিনতম সাধনার চেয়ে উত্তম/১৭১
(১১) অনুসরণ বাহ্যিক ও অভ্যন্তরীণ সকল বিষয়ে হতে হবে/১৭২
(১২) বিদ'আতমুক্ত সুন্নাতের অনুসরণই সঠিক মহব্বতের পরিচায়ক/১৭৩
(১৩) সূফীগণের কয়েকটি বিদ'আতের প্রতিবাদে মুজাদ্দিদে আলফে সানী/১৭৩
(ক) প্রথম যুগের সূফীগণ বনাম পরবর্তী যুগের সূফীগণ/১৭৩
প্রথম বিদ'আত: 'জলি যিক্র' বা সশব্দে যিক্র করা/১৭৪
দ্বিতীয় বিদ'আত: দাঁড়িয়ে বা লাফালাফি করে যিক্র করা/১৭৪
তৃতীয় বিদ'আত: চিল্লাকাশি ও নির্জনবাস/১৭৫
চতুর্থ বিদ'আত: সামা সঙ্গীত ও গান বাজনা/১৭৫
সামা, গান বাজনা ও ইমাম গাযালি/১৭৬
সামা গান বাজনা ও শাইখ আব্দুল কাদের জীলানী/১৭৭
আলফে সানীর যুগে সামা সঙ্গীত তাসাউফের অবিচ্ছেদ্য অংশ ছিল/১৭৮
(খ) মুজাদ্দিদে আলফে সানীর প্রতিবাদ/১৭৮
(গ) সুন্নাত প্রেমিক সূফীদের অনুসারীগণও বিদ'আত প্রেমিক হয়ে গেল/১৭৯
**বিদ'আতের শ্রেণিবিভাগ: আমাদের কথা/১৮০**
(১) সুন্নাতের অনুসরণ/১৮১
(২) সুন্নাতের মহব্বত/১৮২
(৩) শাস্তির ভয়/১৮৩
(৪) বুযুর্গগণের মতামত/১৮৪
(৫) বিদ'আতের শ্রেণিবিভাগ বিভ্রান্তিকর/১৮৪
(৬) বিদ'আতের শ্রেণিবিভাগ অন্তহীন সমস্যার সৃষ্টি করে/১৮৪
**সুন্নাত বনাম বিদ'আতে হাসানা: সুন্নাতেই নিরাপত্তা/১৮৬**
(১) আমাদের পুঁজি ও আমাদের ব্যবসা/১৮৭
(২) বিদ'আতে হাসানার চেয়ে সুন্নাতের প্রতি মহব্বত বেশি থাকা উচিত/১৮৮
(৩) বিদ'আত প্রেম ও আমাদের গতি-প্রকৃতি/১৮৯
(৪) সুন্নাতপ্রেম বনাম বিদ'আতপ্রেম: ভয়াবহ পরিণতি/১৯১

(৫) সুন্নাতকে বেশি ভালবাসতে হবে ও ভালবাসার মানদণ্ড বানাতে হবে/১৯৫
(৬) সুন্নাত না বিদ'আত সন্দেহ হলে তা পরিত্যাগ করতে- হানাফী মযহাবের নির্দেশ/১৯৭

## তৃতীয় অধ্যায়
## সুন্নাতের উৎস/২০১

(ক) হাদীসই 'সুন্নাত' এর উৎস/২০১
(১) কর্ম ও বর্জনের সুন্নাতের একমাত্র উৎস হাদীস/২০১
(২) সাহাবী, তাবেয়ী ও তাবে-তাবেয়ীগণের জীবনে রাসূলুল্লাহ ﷺ-এর হাদীস/২০২
(৩) বিশ্বনবী হিসাবে রাসূলুল্লাহ ﷺ-এর মর্যাদা ও হাদীসের সংরক্ষণ/২০৪
(খ) সহীহ বা গ্রহণযোগ্য হাদীসই 'সুন্নাত'এর উৎস/২০৫
(১) হাদীস সহীহ, যয়ীফ বা বানোয়াট হতে পারে/২০৫
(২) হাদীস বর্ণনায় ভুল ও বানোয়াট হাদীস বর্ণনার পটভূমি/২০৬
(৩) সাহাবীগণের যুগ থেকেই হাদীস গ্রহণে কঠোরতা ও সতর্কতা/২০৬
(৪) তাবেয়ী ও তাবে-তাবেয়ীগণের যুগে মিথ্যা হাদীস/২০৮
(৫) মিথ্যা হাদীস প্রতিরোধে তাবেয়ী, তাবে-তাবেয়ী ও পরবর্তীদের প্রচেষ্টা/২০৯
(৬) গ্রন্থাকারে হাদীস সংকলন/২১২
(৭) গ্রন্থাকারে বর্ণনাকরীগণের পরিচয় ও বর্ণনার মান নির্ধারণের বিধান সংকলন/২১৩
(৮) অধিকাংশ গ্রন্থেই সহীহ, যয়ীফ ও বানোয়াট হাদীস সনদসহ সংকলিত হয়েছে/২১৪
(৯) হাদীসের গ্রন্থাবলীর মান নির্ধারণে শাহ ওয়ালিউল্লাহর আলোচনা/২১৫
(১০) যয়ীফ ও বানোয়াট হাদীসের উপর নির্ভর করা যাবে না/২১৭
প্রথমত, সহীহ হাদীসের উপর নির্ভর করার বিষয়ে ইমাম আবু হানীফা/২১৭
দ্বিতীয়ত, যয়ীফ বা দুর্বল হাদীস অনুসারে কর্ম করার শর্তাবলি/২১৮
(গ) হাদীসের সহীহ, যয়ীফ বা বানোয়াট হওয়ার মানদণ্ড/২২০
প্রথমত, হাদীসের নির্ভরতার একমাত্র মানদণ্ড মুহাদ্দিসগণের সিদ্ধান্ত/২২০
(ক) হাদীস বিচারে প্রাচীন ইমামদের সিদ্ধান্তের উপরেই নির্ভর করতে হবে/২২১
(খ) একটি উদাহরণ: হাফেযদের ফযীলতের হাদীস/২২১
(গ) অন্য উদাহরণ: 'আমার সাহাবীগণ নক্ষত্রতুল্য'/২২২
দ্বিতীয়ত, কোনো বুজুর্গের গ্রন্থে উল্লেখ থাকা হাদীসের সহীহ হওয়ার প্রমাণ নয়/২২৩
(১) কোনো হাদীসের গ্রন্থে সংকলিত থাকার দ্বারা বুঝা যায় না যে হাদীসটি

সহীহ/২২৩
(২) অধিকাংশ সংকলক বাছবিচার ছাড়া সকল কথা সনদসহ সংকলন করেছেন/২২৪
(৩) কয়েকজন শুধু সহীহ হাদীস সংকলনের চেষ্টা করেন, সবাই সফল হননি/২২৪
(৪) "সিহাহ সিত্তাহ"-এর বাকি ৪টি গ্রন্থেও কিছু যয়ীফ ও বানোয়াট হাদীস আছে/২২৫
(৫) প্রত্যেক শাস্ত্রের পৃথক বিশেষজ্ঞ রয়েছেন, ফকীহ ও মুহাদ্দিসের কাজ ভিন্ন/২২৬
(৬) কোনো ফকীহ বা বুজুর্গের গ্রন্থের হাদীস সনদ বিচার ছাড়া গ্রহণ করা যাবে না/২২৭
(৭) ইমাম নববী, সুয়ূতী, আলী কারী ও লাখনবীর মতামত/২২৭
(ক) কুতুল কুলূব, এহ্ইয়াউ উলূমুদ্দীন, সা'লাবী, বাইযাবী ও কাশ্শাফে মিথ্যা হাদীস/২২৮
(খ) বুযুর্গগণ যা শুনেন তাই লিখেন, মুহাদ্দিসগণ সহীহ যয়ীফ নির্ধারণ করেন/২২৯
(গ) হাদীস বিচারের ক্ষেত্রে কাশফের কোনো অবদান নেই/২২৯
(৮) হাদীস বর্ণনা ও গ্রহণের ক্ষেত্রে সংসারত্যাগী পবিত্র হৃদয় দরবেশদের সমস্যা/২৩১
**তৃতীয়ত, হাদীস গ্রহণে কঠোরতা ও সতর্কতা প্রত্যেক মুসলিমের উপর ফরয/২৩২**
(১) মুহাদ্দিসগণ সুন্নাতে মুহাম্মাদীর প্রতিরক্ষার দায়িত্বে নিয়োজিত/২৩২
(২) হাদীস গ্রহণের ক্ষেত্রে সতর্কতা ও কড়াকড়ির প্রয়োজনীয়তা/২৩৩
**(ঘ) 'সুন্নাত' এর উৎস নির্ধারণে বিভ্রান্তি/২৩৫**
**প্রথমত, বানোয়াট ও দুর্বল হাদীস দ্বারা কোনো রীতি প্রচলন করা যাবে না/২৩৫**
(১) মি'রাজের রাত্রিতে ইবাদত বন্দেগি/২৩৫
(২) শবেবরাতের মিথ্যা হাদীস কেন্দ্রিক ইবাদত/২৩৭
**দ্বিতীয়ত, স্বপ্ন, কাশফ, ইলহাম, ফিরাসাত ইত্যাদি সুন্নাতের উৎস নয়/২৩৯**
(ক) পরিপূর্ণ সুন্নাতে নববী সাহাবীগণের মাধ্যমে আল্লাহ হেফাযত করেছেন/২৩৯
(খ) কাশফ, স্বপ্ন ইত্যাদির মাধ্যমে সুন্নাত জানার চেষ্টা সুন্নাত বিরোধী/২৩৯
(গ) কাশফ, ইলহাম, ইলকা ইত্যাদি কোনো কিছুর সঠিকত্ব জানার মাধ্যম নয়/২৪০
(ঘ) স্বপ্ন, কাশফ, ইলহাম সম্পর্কে মুজাদ্দিদে আলফে সানীর মতামত/২৪১
(১) কাশফ ইলহাম সন্দেহযুক্ত বিষয়, সেখানে বিভ্রান্তির সম্ভাবনা আছে/২৪১
(২) সুন্নাতই কাশফের সঠিক বা বেঠিক হওয়ার মানদণ্ড/২৪১

(৩) কাশফ ভিত্তিক 'ওহদাতুল ওজুদ' মতবাদ খিলাফে সুন্নাত ও বিভ্রান্তিকর/২৪২
(৪) সুন্নাত অনুসারী আলিমগণ বনাম কাশফ অনুসারী সূফীগণ/২৪৩
(৫) ওলীদের কথার দিকে না তাকিয়ে শুধু কুরআন-সুন্নাহর উপর নির্ভর করা/২৪৩
(৬) শুধু কুরআন-হাদীসের উপর নির্ভর করাই প্রকৃত সূফীর পথ/২৪৪
(৭) আলফে সানী নিজের কাশফ ভিত্তিক কথার জন্যও অনুতাপ করেছেন/২৪৪
**তৃতীয়ত, কোনো আলিম ও বুযুর্গের ব্যক্তিগত কর্ম বা মতামত সুন্নাতের উৎস নয়/২৪৫**
(ক) বুযুর্গদের অনুসরণের মাধ্যমে বিদ'আতের প্রসার: আলফে সানীর মতামত/২৪৬
(১) পীরের কর্মে খিলাফে সুন্নাত কিছু থাকলে তা অনুসরণ করা চলবে না/২৪৬
(২) অনুসরণের একমাত্র আদর্শ রাসূলুল্লাহ ﷺ /২৪৭
(খ) সকল আলিম বা বুযুর্গই সুন্নাতের পথে ডেকেছেন এবং তাঁরা ভুলের জন্যও পুরস্কৃত হবেন/২৪৮
(গ) বুযুর্গগণের ভক্তি ও ভালবাসা বনাম সুন্নাতের অনুসরণ/২৪৯
**চতুর্থত, দীনের বিষয়ে ব্যক্তিগত পছন্দ-অপছন্দের উপর নির্ভর করার পরিণতি/২৫১**
(১) অনুসারীরা মূলত কোনো ইমাম বা বুযুর্গকে পুরোপুরি মানেন না/২৫১
(২) অনুসারীরা আকীদার ক্ষেত্রে আবু হানীফা ؓ-কে মানেন না/২৫২
(৩) ভক্তগণ আকীদা বা ফিকহের ক্ষেত্রে জীলানী ؓ-কে মানেন না/২৫২
(৪) ভক্তগণ গাযালী ؓ-এর অনেক মতামত মানেন না/২৫৩
(৫) এসব বাছবিচার কিসের ভিত্তিতে/২৫৩
(৬) নিজেদের পছন্দের ভিত্তিতে বাছবিচার/২৫৪
(৭) নিজেদের পছন্দ ও প্রবৃত্তির অনুসরণের পরিণাম/২৫৫
(৮) সুন্নাত প্রেমিক সুন্নী হৃদয়ের দাবি/২৫৬
(৯) ব্যাখ্যা করে সুন্নাত পরিত্যাগ করার অর্থ প্রবৃত্তির অনুসরণ করা/২৫৭
(ক) খেজুর দ্বারা ইফতার বনাম পানি দ্বারা ইফতার/২৫৮
(খ) সম্মানের জন্য কাউকে সাজদা করা/২৫৮
(গ) বানোয়াট বা মিথ্যা হাদীস বলা/২৫৮
(ঘ) ঈদের দিনে রোযা রাখা/২৫৯
(ঙ) কবর পাকা করা, বাতি দেওয়া ইত্যাদি/২৬০
(চ) তাবিল-ব্যাখ্যা শয়তানের চিরন্তন ফাঁদ/২৬০

## চতুর্থ অধ্যায়


**সুন্নাতের প্রকারভেদ/২৬২**

**সুন্নাত এর প্রথম শ্রেণিবিন্যাস: ইবাদাত ও আদাত /২৬২**

**জাগতিক কর্মে সুন্নাতে নববী: পরিধি ও গুরুত্ব/২৬৩**

(১) রাসূলুল্লাহ ﷺ-এর জাগতিক ও প্রাকৃতিক কার্যাদি/২৬৩

(২) সাহাবীগণের জীবনে জাগতিক সুন্নাত/২৬৪

**(৩) মুসলিম জীবনে জাগতিক সুন্নাত: অবহেলা বনাম বাড়াবাড়ি/২৬৫**

**(৪) জাগতিক বিষয়াদি সম্পর্কিত সুন্নাতসমূহের স্তর ও পর্যায়/২৬৭**

**'সুন্নাত' এর দ্বিতীয় শ্রেণিবিন্যাস: কর্ম ও বর্জন/২৭০**

**বর্জনের সুন্নাত: পরিচিতি ও গুরুত্ব/২৭০**

(১) ইবাদত, মুআমালাত ও আদাতের মধ্যে পার্থক্য/২৭১

(২) বর্জনের প্রকারভেদ: ইচ্ছাকৃত, কারণবশত ও অনিচ্ছাকৃত/২৭২

(ক) ইচ্ছাকৃত বর্জন: প্রয়োজন ও উপকরণ থাকা সত্ত্বেও করেননি/২৭২

(খ) কারণবশত বর্জন/২৭৫

(গ) অনিচ্ছাকৃত বর্জন: প্রয়োজন বা উপকরণ ছিল না/২৭৭

(৩) অনিচ্ছাকৃত বর্জন জাগতিক বা উপকরণের ক্ষেত্রেই হতে পারে/২৭৮

(৪) তিনি যা করেননি তা করলে তাঁর সুন্নাতকে অপছন্দ করা হয়/২৮০

(৫) রাসূলুল্লাহ ﷺ যা করেননি আমরা কেন তা পছন্দ করব?/২৮১

**বর্জনের সুন্নাত ও আমাদের বৈপরীত্য/২৮২**

(১) বর্জনের সুন্নাতের বিষয়ে বাহ্যিক ইজমা/২৮২

(২) বর্জনের সুন্নাত ও আমাদের অদ্ভুত বৈপরীত্য/২৮৩

(ক) মেসওয়াক বনাম যিক্র/২৮৩

(খ) একটি শব্দ বনাম অর্ধেক বাক্য:/২৮৫

(গ) ভাষা, খাদ্য, মাইক ও পোশাক বনাম মীলাদ, কুলখানি বা তাবলীগ/২৮৬

(৩) আমাদের বৈপরীত্যের কারণ/২৯০

**'খেলাফে সুন্নাত' এর পর্যায় ও বিধান/২৯৪**

(১) মু'আমালাতের ক্ষেত্রে খিলাফে সুন্নাত: জায়েয ও নাজায়েয/২৯৫

(২) ইবাদতের ক্ষেত্রে খিলাফে সুন্নাত মূলত নাজায়েয/২৯৬

(৩) ইবাদতের ক্ষেত্রে খিলাফে সুন্নাত জায়েয/২৯৬

(৪) উপকরণের ক্ষেত্রে খিলাফে সুন্নাত: জায়েয, ওয়াজিব, নাজায়েয ও বিদ'আত: /৩০০

প্রথমত, খিলাফে সুন্নাত নাজায়েয/৩০০

দ্বিতীয়ত, খিলাফে সুন্নাত জায়েয/৩০১

তৃতীয়ত, খিলাফে সুন্নাত ওয়াজিব/৩০১

ওয়াজিব উপকরণ বনাম ওয়াজিব ইবাদত/৩০২

চতুর্থত, উপকরণের ক্ষেত্রে খিলাফে সুন্নাত বিদ'আত/৩০৫
**খিলাফে সুন্নাত বিদ'আতের বিধান/৩০৮**
(ক) সকল বিদ'আতই মাকরূহ ও মারদূদ (প্রত্যাখ্যাত)/৩০৮
(খ) বিদ'আত আংশিক বা পূর্ণ হতে পারে/৩০৮
(গ) সুন্নাত বিরোধিতার পর্যায় হিসাবে বিদ'আত হারাম বা কুফরী হতে পারে/৩১০
(ঘ) বিদ'আত পালনকারী ও বিদ'আত প্রতিষ্ঠাকারী/৩১০
(ঙ) সুন্নী মুসলিমের জন্য বিদ'আত বিরোধিতার বিধান/৩১২
(১) অন্যায়ের প্রতিবাদ ও প্রতিকার মুসলিমদের উপর ফরয/৩১২
(২) বিদ'আতের বিষয়ে সুন্নী মুসলমানের করণীয়/৩১৩
(৩) বিদ'আতের প্রতিবাদে বিদ'আত ও খিলাফে সুন্নাত/৩১৩

## পঞ্চম অধ্যায়

## সুন্নাত বনাম খিলাফে সুন্নাত/৩১৬

**খিলাফে সুন্নাত বা বিদ'আতে নিপতিত হওয়ার পদ্ধতি ও কারণসমূহ/৩১৬**
**প্রথম পদ্ধতি, কুরআন-হাদীসের নির্দেশ বা ফযীলত পালনে সুন্নাতকে মানদণ্ড না রাখা/৩১৯**
(১) তাহাজ্জুদ, নফল রোযা ও মুবাহ বর্জন/৩২০
(ক) 'রাতের সালাত' বা তাহাজ্জুদ কেন্দ্রিক কিছু খিলাফে সুন্নাত/৩২২
(১) নিয়মিত জামা'আতে তাহাজ্জুদ পালন/৩২২
(২) তাহাজ্জুদ বা রাতের সালাতের জন্য কোনো সূরা নির্ধারণ করা/৩২৪
(৩) তাহাজ্জুদ বর্জন করার বিদ'আত/৩২৫
(খ) নফল রোযা কেন্দ্রিক কিছু খিলাফে সুন্নাত/৩২৬
শাওয়াল মাসের ছয় রোযা ও পদ্ধতিগত বিদ'আত/৩২৭
(গ) মোবাহ ত্যাগ বিষয়ক খিলাফে সুন্নাত/৩২৯
(১) জায়েযকে মাকরুহ হিসাবে বা দীনের জন্য ত্যাগ করা/৩২৯
(২) মুবাহের নামে পার্থিব বিলাসিতা ও ভোগে মত্ত হওয়া/৩২৯
(২) দরুদ সালাম বিষয়ক সুন্নাত ও খিলাফে সুন্নাত/৩৩০
প্রথমত, হাঁচির দু'আর সাথে সালাম পাঠ: ইবনু উমার ﵁-এর মত/৩৩০
দ্বিতীয়ত, দরুদ ও সালামের সুন্নাত/৩৩২
(ক) সালাত ও সালামের গুরুত্ব/৩৩২
(খ) দরুদ পাঠের সুন্নাত সময়সমূহ/৩৩২
(গ) দরুদ সালামের সুন্নাত শব্দসমূহ/৩৩৫
(১) রাসূলুল্লাহ ﷺ-এর শেখানো দরুদে ইবরাহীমীই সর্বোত্তম/৩৩৫
(২) যে কোনো শব্দে 'সালাত' বললেই দরুদের ইবাদত আদায় হবে/৩৩৮

(ঘ) দরূদ সালামের সুন্নাত পদ্ধতিসমূহ/৩৪০
তৃতীয়ত, দরূদ-সালামের ক্ষেত্রে খিলাফে সুন্নাত/৩৪১
(ক) দরূদ ও সালাম আদায়ে অবহেলা/৩৪১
(খ) সমস্বরে, বানানো শব্দে বা পদ্ধতিতে দরূদ ও সালাম আদায় করা/৩৪২
(গ) খিলাফে সুন্নাত সময়ে দরূদ-সালাম পাঠের রীতি/৩৪২
(ঘ) ঈদের সালাতের পরে সমবেত দরূদ-সালাম পাঠ করা/৩৪৪
(ঙ) পশু জবেহ করার সময় দরূদ পাঠ: ইমাম আবু হানীফার মত/৩৪৬
(৩) যিক্‌র আযকার বিষয়ক সুন্নাত ও খিলাফে সুন্নাত/৩৪৮
প্রথমত, দলবদ্ধভাবে গণনা করে যিক্‌র: ইবনু মাস'ঊদ ﷺ-এর মত/৩৪৮
দ্বিতীয়ত, যিক্‌রের ক্ষেত্রে কিছু সুন্নাত/৩৫০
(ক) সর্বদা যিক্‌র করা/৩৫০
(খ) যিক্‌রের প্রকারভেদ: কর্মের যিক্‌র ও মুখের যিক্‌র/৩৫০
(গ) আল্লাহর মর্যাদা জপ করা ও তাঁর বিধি-বিধান আলোচনা করা/৩৫১
(ঘ) যিক্‌রের শব্দ/৩৫১
(ঙ) একাকী যিক্‌র বনাম যিক্‌রের মজলিস/৩৫১
তৃতীয়ত, যিক্‌রের ক্ষেত্রে কিছু খিলাফে সুন্নাত/৩৫৩
(ক) 'আল্লাহ, আল্লাহ,...' যিক্‌র/৩৫৩
(খ) 'ইল্লাল্লাহ', 'ইল্লাল্লাহ'... যিক্‌র/৩৫৭
(গ) সুন্নাত ছেড়ে 'ফযীলতের দলিল' দিয়ে যিক্‌র বানানোর পরিণতি/৩৫৮
(ঘ) সমবেতভাবে, সমস্বরে, বিশেষ পদ্ধতি বা আঘাত করে যিক্‌র করা/৩৫৯
(ঙ) যিক্‌রের ইবাদত পালনে অবহেলা/৩৬১
(চ) শুধু মুখের যিক্‌রের উপর নির্ভর করা/৩৬২
(৪) কুরআন তিলাওয়াত বিষয়ক সুন্নাত ও খিলাফে সুন্নাত/৩৬৩
একই সূরা বারবার পাঠ করা: ফকীহ ইমামগণের মতামত/৩৬৪
প্রথমত, কুরআন তিলাওয়াতের সুন্নাত/৩৬৫
(ক) নিয়মিত তিলাওয়াত করা/৩৬৫
(খ) যথাসম্ভব মুখস্থ করা/৩৬৬
(গ) রাতের নামাযে বা তাহাজ্জুদে তিলাওয়াত করা/৩৬৬
(ঘ) অর্থ অনুধাবন করা/৩৬৬
(ঙ) কুরআনের নির্দেশ অনুসারে জীবন পরিচালনা করা/৩৬৭
(চ) কুরআন শিক্ষা প্রদান/৩৬৮
দ্বিতীয়ত, কুরআন তিলাওয়াতের খিলাফে সুন্নাত/৩৬৮
(ক) কুরআনের প্রতি অবহেলা ও কুরআন তিলাওয়াত না করা/৩৬৮
(খ) আংশিক তিলাওয়াত করা/৩৬৮
(গ) বুঝার চেষ্টা না করে শুধু তিলাওয়াতের মধ্যে নিজেকে সীমাবদ্ধ রাখা/৩৬৯

(ঘ) রাতারাতি খতম, সবীনা খতম ইত্যাদি/৩৭১
(ঙ) মুক্তাদীদের সূরা ফাতিহা পাঠের জন্য ইমামের চুপ করে থাকা/৩৭২
(৫) দু'আ-মুনাজাত বিষয়ক কিছু সুন্নাত ও খিলাফে সুন্নাত/৩৭৪
খুতবার মধ্যে হাত তুলে দু'আ করার বিষয়ে গুদাইফ ﵁-এর মত/৩৭৫
হজ্বের দিনের দু'আ: তাবেয়ীগণের মতামত/৩৭৬
প্রথমত, দু'আর ক্ষেত্রে কতিপয় সুন্নাত/৩৭৭
(ক) দু'আর গুরুত্ব ও প্রয়োজনীয়তা/৩৭৭
(খ) দু'আর কিছু সুন্নাত/৩৮০
দ্বিতীয়ত, দু'আর ক্ষেত্রে বিভিন্ন খিলাফে সুন্নাত/৩৮১
(ক) দু'আ না করার বিদ'আত/৩৮১
(খ) দু'আর সময় হাত উঠানো বা না উঠানো/৩৮১
(গ) দু'আর পরে দুই হাত দিয়ে মুখমণ্ডল মোছা/৩৮৩
(ঘ) দু'আর জন্য সমবেত হওয়া/৩৮৪
(ঙ) গাইরে মাসনূন শব্দকে দু'আর জন্য ওযীফা হিসাবে গ্রহণ করা/৩৮৫
(চ) জীবিত কারো কাছে দু'আ চাওয়া/৩৮৬
(ছ) কোন মৃত ব্যক্তির কাছে দু'আ চাওয়া/৩৮৮
(জ) আল্লাহর কাছে দু'আ চাওয়ার জন্য কারো মাযারে যাওয়া/৩৯৩
(ঝ) আল্লাহ ছাড়া কারো কাছে প্রার্থনা করা খিলাফে-সুন্নাত ও শিরক/৩৯৬
(ঞ) পাঁচ ওয়াক্ত সালাতের পরে দু'আ-মুনাজাত: সুন্নাত ও খিলাফে সুন্নাত/৪০৩
(ট) জানাযার সালাতের পরে মুনাজাত/৪১৩
(৬) ফযীলতের দলিল দিয়ে বিদ'আত সৃষ্টির কয়েকটি নমুনা/৪১৫
(ক) সালাতের পরে মাসনূন যিক্র সমবেতভাবে আদায় করা/৪১৫
(খ) সমবেতভাবে আযানের জওয়াব দেওয়া/৪১৬
(গ) আযানের পরে বা ইকামতের আগে সমবেতভাবে মুনাজাত/৪১৭
(৭) আমাদের দলিল, আমাদের সুন্নাত বনাম সুন্নাতে নববী/৪১৮
**দ্বিতীয় পদ্ধতি, রাসূলুল্লাহ ﷺ-এর বেশি ও কম কর্মের মধ্যে সামঞ্জস্য না রাখা:/৪১৯**
**(১) চাশ্‌তের সালাত নিয়মিত আদায়/৪২০**
**(২) বিতরের সালাতের কিরাআত ও ইমাম আবু হানীফা ﵀/৪২০**
**(৩) ফজরের সালাতের কিরাআত ও ইমাম আবু হানীফার মতামত/৪২১**
**(৪) দু'আ কুনূত: হানাফী মাযহাবের মত/৪২৩**
**(৫) শোকরানা সাজ্‌দা: আবু হানীফা ও মালিক ﵀-এর মত /৪২৫**
**(৬) গায়েবানা জানাযা/৪২৬**
**তৃতীয় পদ্ধতি, সুন্নাতের জ্ঞানের অভাবে খিলাফে সুন্নাতের প্রতি ভক্তি/৪২৭**
**(১) যিক্‌রে বেহুঁশ হওয়া ও আব্দুল্লাহ ইবনু যুবাইরের মতামত/৪২৭**
**(২) বুযুর্গদের দরবেশী বনাম রাসূলুল্লাহ ﷺ-এর দরবেশী/৪২৮**

(৩) সুন্নাত যিক্‌র বনাম খিলাফে সুন্নাত যিক্‌রের প্রতি ভক্তি/৪২৯
(৪) বিখ্যাত ওলীর খিলাফে সুন্নাত কর্ম ও বায়েযীদ বুস্তামীর মতামত/৪৩০
চতুর্থ পদ্ধতি, জায়েয ও সুন্নাতের মধ্যে পার্থক্য রক্ষা না করা/৪৩১
(১) জায়েয বনাম সুন্নাত: দুটি উদাহরণ/৪৩২
(ক) সালাতের আগে নড়াচড়া/৪৩২
(খ) অনারব ভাষায় সালাতের তিলাওয়াত, তাকবীর, যিক্‌র ইত্যাদি/৪৩৩
(২) মাসজিদে নববী থেকে হজ্বের ইহ্‌রাম করা/৪৩৪
(৩) বসে পেশাব করা বনাম দাঁড়িয়ে পেশাব করা/৪৩৬
(৪) শবে বরাত উদ্‌যাপন: সাইয়্যেদ আহমদ ব্রেলভীর মতামত/৪৩৮
(৫) সালাতের মধ্যে দেখে কুরআন তিলাওয়াতের রীতি/৪৩৯
(৬) কদমবুছির রীতি/৪৩৯
(৭) ইসালে সাওয়াব, কুলখানি, ওরস ও ব্রেলভী ﵀ -এর মত/৪৪২
(৮) কবর যিয়ারতে খতম, শিরনী, খানা-পিনা, ওরস ইত্যাদি/৪৫১
(ক) কবর যিয়ারতের সুন্নাত উদ্দেশ্য ও সুন্নাত নিয়ম/৪৫১
(খ) কবর যিয়ারতের খিলাফে সুন্নাত উদ্দেশ্য ও পদ্ধতিসমূহ/৪৫৩
(৯) কবরে খেজুরের ডাল পোঁতা বা ফুল দেওয়া/৪৫৭
(১০) কবর বাঁধানো, পাকা করা, গম্বুজ করা ইত্যাদি/৪৬২
প্রথমত, কাওলী হাদীস: কবর পাকা করা, চুনকাম, কবরে লেখা নিষিদ্ধ/৪৬২
দ্বিতীয়ত, রাসূলুল্লাহ ﷺ-এর কর্ম ও বর্জনের সুন্নাত/৪৬৩
(১) রাসূলুল্লাহ ﷺ ও সাহাবীগণ কখনো কোনো কবর পাকা করেননি/৪৬৩
(২) রাসূলুল্লাহ ﷺ ও সাহাবীগণ পাকা বা উঁচু কবর ভেঙে দিয়েছেন/৪৬৫
(৩) তাবেয়ী ও তাবে-তাবেয়ীগণের যুগেও পাকা কবর ভেঙে ফেলা হতো/৪৬৬
(৪) পরবর্তী যুগেও অনেকে পাকা কবর ভেঙে ফেলা সমর্থন করেছেন/৪৬৭
(৫) কবর কেন্দ্রিক মসজিদ তৈরী নিষিদ্ধ/৪৬৯
তৃতীয়ত, কবরে অস্থায়ী তাঁবু টাঙানো: কিছু ব্যতিক্রম ঘটনা/৪৭২
চতুর্থত, একটি বিশেষ ব্যতিক্রম: রাসূলুল্লাহ ﷺ-এর দাফন/৪৭৬
(১) আয়েশার ﵂ ঘরে রাসূলুল্লাহ ﷺ-কে দাফন করা হয়/৪৭৬
(২) নবীজী ﷺ-এর দাফনের পরেও আয়েশা ﵂ সে ঘরে বাস করতেন/৪৭৮
(৩) আয়েশা ﵂ এর ঘরে কবরগুলোর হেফাযতের অবস্থা/৪৭৯
(৪) রাসূলুল্লাহ ﷺ-এর বাড়ির বিবর্তন/৪৮০
পঞ্চমত, সুন্নাত ও ব্যতিক্রম: সিদ্ধান্ত গ্রহণ/৪৮১
ষষ্ঠত, কেন রাসূলুল্লাহ ﷺ-এর নিষেধাজ্ঞা অমান্য করব/৪৮৫
সপ্তমত, ওলীর তা'যীমের নামে কবর বাঁধানো ও কবর পূজা/৪৮৬
(১) ওলীর পরিচিতি/৪৮৬
(২) সাহাবীগণের পরে কাউকে নিশ্চিতরূপে ওলী বা জান্নাতী বলা যায় না/৪৮৮

(৩) কোনো নির্দিষ্ট মানুষকে ওলী বলা খিলাফে সুন্নাত/৪৮৯
(৪) ওলীর তা'যীমের উদ্দেশ্য: ইসলামী ও ইসলাম বিরোধী/৪৮৯
(৫) 'ওলী' এর তা'যীমের পদ্ধতি: সুন্নাতী ও সুন্নাত বিরোধী/৪৯০
(৬) 'ওলী' এর কবরকে আল্লাহর শা'আইর বলে সম্মান করা/৪৯৫
অষ্টমত, প্রথম যুগের ইমাম ও ফকীহগণের মতামত/৪৯৬
নবমত, সমাজের ক্রমবর্ধমান চাপের মুখে নতি স্বীকারের প্রবণতা/৪৯৯
(ক) কবর পাকা ইত্যাদি জায়েয করার প্রবণতা/৪৯৯
(খ) নগ্নতাকে জায়েয বলার চেষ্টা: ইবনু বতুতার বর্ণনা/৫০০
(গ) গান-বাজনা ও সৌন্দর্যের জন্য মূর্তি স্থাপন/৫০০
(ঘ) জাতিভেদ ও বিধবা বিবাহ/৫০১
দশমত, মদপানকেও বিদ'আতে হাসানা মনে করা হয়েছে/৫০২
**(১১) কবরে বাতি প্রদান/৫০৩**
**পঞ্চম পদ্ধতি, ইবাদত ও উপকরণের পার্থক্য নষ্ট করা/৫০৪**
**উপকরণের বিবর্তন ও উদ্ভাবন/৫০৫**
(১) উপকরণ উদ্ভাবন বা ব্যবহারে সতর্কতা/৫০৫
(২) উপকরণ উদ্ভাবনের শর্তাবলি/৫০৬
(ক) মাসনূন ইবাদত মাসনূনভাবে আদায়ের জন্যই উপকরণ উদ্ভাবন/৫০৬
(খ) উপকরণটি সুন্নাত অর্থাৎ শরীয়ত অনুমোদিত হতে হবে/৫০৭
(গ) উপকরণটি রাসূলুল্লাহ ﷺ কর্তৃক বর্জিত হবে না/৫০৮
(ঘ) একান্ত প্রয়োজনেই উপকরণের উদ্ভাবন করতে হবে: জুম'আর খুৎবা/৫০৯
(ঙ) উপকরণের মধ্যে কোনো সাওয়াব বা নৈকট্য কল্পনা করা যাবে না/৫১২
**উপকরণ, ইবাদত ও বিদ'আত: কতিপয় উদাহরণ/৫১৩**
(ক) উপকরণ ও ইবাদত: ঢিলা কুলুখ ব্যবহার বনাম হাঁটাহাঁটি/৫১৪
(খ) ইল্‌ম প্রচার: ইবাদত, উপকরণ বনাম বিদ'আত/৫১৭
(গ) মাযহাব অনুসরণ: সুন্নাত, উপকরণ বনাম খিলাফে সুন্নাত/৫১৯
১. উপকরণকে ইবাদত মনে করা/৫২০
২. সুন্নাতসম্মত উপকরণকে নাজায়েয মনে করা/৫২০
৩. ইমামগণকে ঘৃণা করা বা তাঁদের নিন্দা করা/৫২০
৪. মাযহাবী মতবিরোধের কারণে হিংসা, ঘৃণা বা বিদ্বেষ ছড়ানো/৫২১
৫. মতবিরোধগত কর্মগুলিকে ঘৃণা করা/৫২২
(ঘ) দা'ওয়াত ও তাবলীগ: ইবাদত, উপকরণ বনাম বিদ'আত/৫২৩
১. খিলাফে সুন্নাত উপকরণ ব্যবহার/৫২৪
২. উপকরণকে ইবাদত মনে করা/৫২৪
৩. উপকরণ অর্জনের জন্য ফরয ইবাদত বর্জন করা/৫২৫
৪. উপকরণকে ইবাদত মনে করে অন্যান্য মাসনূন উপকরণ বর্জন করা/৫২৭
৫. খিলাফে সুন্নাত সময় নির্ধারণকে ইবাদত বা সাওয়াবের অংশ ভাবা/৫২৭

৬. ইসলামী পরিভাষার ভুল ব্যবহার ও অন্যান্য ইবাদতে অবহেলা/৫২৭
৭. উপকরণকে অপরিবর্তনীয় মনে করা/৫২৯
(ঙ) ইসলামী রাজনীতি: ইবাদত, উপকরণ বনাম বিদ‘আত/৫৩০
প্রথমত, ইসলামী সমাজে আধুনিক গণতান্ত্রিক ও দলীয় রাজনীতি/৫৩১
দ্বিতীয়ত, গণতান্ত্রিক ও দলীয় রাজনীতির সুন্নাত ও খিলাফে সুন্নাত/৫৩২
(১) রাজনীতি না করা/৫৩২
(২) উপকরণকে ইবাদত মনে করা/৫৩৪
(৩) ফরযে আইনকে ফরযে কিফায়া বা উপকরণের অধীন কল্পনা করা/৫৩৭
(৪) অন্য কিছু ইবাদতকে অবহেলা করা/৫৩৯
(৫) ইসলামী পরিভাষার অপব্যবহার ও ভুল ধারণা/৫৪০
(৬) উপকরণের অনৈসলামিক ব্যবহার/৫৪১
(৭) প্রশস্ততাকে সঙ্কীর্ণ করা/৫৪৩
(চ) ইসলামী তাসাউফ: ইবাদত, উপকরণ বনাম বিদ‘আত/৫৪৪
প্রথমত, তাসাউফ: পরিচিতি ও বিবর্তন/৫৪৪
দ্বিতীয়ত, সুন্নাতের আলোকে তাসাউফের আমল/৫৪৫
(১) ফরয পালনের পর বেশি বেশি নফল পালনের মাধ্যমে আত্মশুদ্ধি/৫৪৫
(২) তাসাউফ-তরীকত উপকরণ মাত্র: মুজাদ্দিদে আলফে সানী/৫৪৭
(৩) কাফিরও মুজাহাদা করলে কাশফ লাভ করতে পারে/৫৫০
(৪) মুস্তাহাব পালন ও তানযিহী বর্জন যিক্‌র মুরাকাবার চেয়ে উত্তম/৫৫১
(৫) কিয়ামতের দিনে তরীকতের কর্ম কোনো কাজে লাগবে না/৫৫১
তৃতীয়ত, তাসাউফের খিলাফে সুন্নাত/৫৫২
(১) নফল ইবাদত পালনে সুন্নাত পদ্ধতির ব্যতিক্রম কাজ করা/৫৫৩
(২) বর্জিত পদ্ধতি বা উপকরণ ব্যবহার করা/৫৫৩
(৩) উপকরণকে ইবাদত মনে করা/৫৫৩
(৪) পীরের মুরীদ হওয়া: সুন্নাত বনাম খিলাফে সুন্নাত/৫৫৪
(৫) সাইয়্যেদ আহমদ ব্রেলভী ﷺ-এর দৃষ্টিতে সূফীগণের বিদ‘আত/৫৬৩
(৬) আত্মশুদ্ধি পরিত্যাগের বিদ‘আত/৫৬৫
**ষষ্ঠ পদ্ধতি, তাবাররুকের ক্ষেত্রে সীমালঙ্ঘন/৫৭১**
**তাবাররুক: সুন্নাত ও খিলাফে সুন্নাত/৫৭১**
**সম্বোধন ও উপাধি: সুন্নাত ও খিলাফে সুন্নাত/৫৭৭**
**মীলাদুন্নবী উদযাপন: ইবাদত, উপকরণ, সুন্নাত বনাম খিলাফে সুন্নাত/৫৮৬**
**প্রথমত, মীলাদুন্নবী: পরিচিতি/৫৮৭**
(ক) ‘মীলাদ’ বা রাসূলুল্লাহ ﷺ-এর জন্মদিন/৫৮৭
(খ) হাদীস শরীফে রাসূলুল্লাহ ﷺ-এর জন্মদিন/৫৮৮
(১) জন্মবার: সোমবার/৫৮৮

(২) জন্মবছর: হাতির বছর/৫৮৯
(৩) জন্মমাস ও জন্মতারিখ: হাদীসে উল্লেখ নেই/৫৯০
(গ) রাসূলুল্লাহ ﷺ-এর জন্মদিন: আলিমগণের ১২টি মতামত/৫৯০
**দ্বিতীয়ত, মীলাদুন্নবী ইতিহাসের আলোকে/৫৯২**
(ক) ইসলামের প্রথম তিন শতাব্দীতে কেউ 'মীলাদ' পালন করেননি/৫৯২
(খ) মীলাদুন্নবী উদযাপন: শিয়াগণ কর্তৃক প্রাথমিক প্রবর্তন/৫৯৫
(গ) শিয়া সম্প্রদায়ের ঈদে মীলাদুন্নবী: অনুষ্ঠান পরিচিতি/৫৯৬
(ঘ) ঈদে মীলাদুন্নবী উদযাপন: প্রকৃত প্রবর্তন ও ব্যাপক উদযাপন/৫৯৭
(ঙ) আবু সাঈদ কূকুবূরীর পরিচিতি/৫৯৭
(চ) কূকুবূরীর ঈদে মীলাদুন্নবী: অনুষ্ঠান পরিচিতি/৫৯৯
(ছ) ঈদে মীলাদুন্নবী: কূকুবূরীর পরে/৬০১
(জ) নবীজী ﷺ-এর মীলাদ উদ্‌যাপন বনাম ওরস উদ্‌যাপন/৬০৩
(ঝ) কিয়াম বা দাঁড়ানো/৬০৪
(ঞ) বর্তমান যুগে মীলাদ মাহফিল/৬০৬
**তৃতীয়ত, মীলাদুন্নবী: সুন্নাতের আলোকে/৬০৭**
(ক) মীলাদের সুন্নাতসম্মত ইবাদতসমূহ/৬০৭
(খ) মীলাদের মধ্যে খিলাফে সুন্নাত: বিতর্ক ও কারণ/৬০৯
(১) সমস্যা কোথায়/৬০৯
(২) মীলাদ উদ্‌যাপন: ইবাদত বনাম পদ্ধতি/৬০৯
(৩) মীলাদের দলিল প্রমাণাদি: পক্ষ ও বিপক্ষ/৬১০
(৪) সমস্যা শুধু সুন্নাতকে নিয়ে/৬১৬
(৫) পাপ, হারাম ও শিরক মিশ্রিত মীলাদ অনুষ্ঠান/৬১৭
(৬) মীলাদ পালনের কিছু নতুন ও উন্নত (!) পদ্ধতি/৬২৭
**চতুর্থত, মীলাদ অনুষ্ঠান: আমাদের অনুভূতি/৬২৯**
**সপ্তম পদ্ধতি, বর্জনের বিদ'আত:/৬৩১**
**(১) তাকওয়া ও তাসাউফের জন্য 'মুবাহ' বর্জন/৬৩১**
**(২) দা'ওয়াত ও জিহাদের জন্য সুন্নাত বর্জন/৬৩২**
**অষ্টম পদ্ধতি, গুরুত্বগত খিলাফে সুন্নাত/৬৩৬**
**(ক) সুন্নাত বা শরীয়তে মুহাম্মাদীর কর্মসমূহের গুরুত্বগত পর্যায়/৬৩৭**
**(খ) গুরুত্বগত কিছু খিলাফে সুন্নাত বা বিদ'আত ধারণা ও কর্ম/৬৩৯**
**শেষ কথা/৬৪২**
**গ্রন্থপঞ্জি/৬৪৬**

# প্রথম অধ্যায়
# সুন্নাতের পরিচিতি ও গুরুত্ব

### প্রথমত, সুন্নাতে নববীর পরিচিতি

### 'সুন্নাত' শব্দের অর্থ

সুন্নাতের গুরুত্ব ও তাৎপর্য আলোচনার পূর্বে আমরা তার অর্থ ও ইসলামী শরীয়তে তার ব্যবহার বুঝতে চেষ্টা করব। সুন্নাত শব্দের আভিধানিক অর্থ হলোঃ মুখ, ছবি, প্রতিচ্ছবি, প্রকৃতি, জীবন পদ্ধতি, কর্মধারা ইত্যাদি।[১] ইসলামী শরীয়তে ব্যবহারের দিক থেকে 'সুন্নাত' শব্দের দুই ধরনের প্রয়োগ রয়েছে: (১) সুন্নাতের প্রথম ও পুরাতন প্রয়োগ হলো রাসূলে আকরাম ﷺ-এর সকল প্রকারের নির্দেশ, কথা, কর্ম, অনুমোদন বা এক কথায় তাঁর সামগ্রিক জীবনাদর্শ। মূলত হাদীস শরীফে ও সাহাবী-তাবেয়ীদের যুগে 'সুন্নাত' বলতে এই অর্থই বোঝানো হতো। এছাড়া পরবর্তী যুগেও হাদীস চর্চার ক্ষেত্রে ও অন্যান্য ক্ষেত্রেও 'সুন্নাত' এই অর্থে ব্যবহৃত হয়। (২) সুন্নাতের দ্বিতীয় ও প্রচলিত অর্থ ইসলামী শরীয়তে অত্যাবশ্যকীয় নয়- এরূপ নেক কর্ম। অর্থাৎ, ফরয ও ওয়াজিব এর পরবর্তী, আবশ্যকীয় নয় এরূপ কর্ম, যা করা প্রয়োজন, বা করা উত্তম। সাধারণত এই অর্থটিই আমাদের মধ্যে বহুল ব্যবহৃত। সাধারণত আমরা 'সুন্নাত' শব্দটি শুনলে এই অর্থই বুঝে থাকি।

উপরোল্লিখিত দ্বিতীয় পরিভাষাটি দ্বিতীয় শতাব্দী ও তৎপরবর্তী ফিকহ শাস্ত্রবিদদের দ্বারা প্রতিষ্ঠিত হয়, যারা কুরআন ও হাদীস বা

---

[১]. ইবনু মানযুর, লিসানুল আরব ১৩/২২৪-২২৫।

রাসূলুল্লাহ ﷺ-এর শিক্ষার আলোকে ইসলামের কর্মগুলির গুরুত্ব বর্ণনা করেন এবং এসকল পরিভাষার মাধ্যমে গুরুত্বের শ্রেণিবিভাগ করেন। এই দুই অর্থের মধ্যে মূলত কোনো বৈপরিত্য নেই, প্রথম অর্থে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সামগ্রিক সুন্নাত বোঝানো হয়েছে, দ্বিতীয় অর্থে তাঁর সামগ্রিক সুন্নাতকে তাঁর সুন্নাতের আলোকে শ্রেণিভাগ করে গুরুত্বের পর্যায় নির্ধারণ করে একটি পর্যায়কে 'সুন্নাত' নাম দেওয়া হয়েছে।[২]

## কুরআন-হাদীসে 'সুন্নাত' শব্দের প্রয়োগ

### (ক) কুরআন কারীমে 'সুন্নাত': রীতি, পদ্ধতি, প্রকৃতি বা কর্মপন্থা

কুরআন কারীমে ও হাদীস শরীফে 'সুন্নাত' শব্দটি সাধারণত কর্ম, কর্মপন্থা, পদ্ধতি বা প্রকৃতি অর্থে ব্যবহার করা হয়েছে। কুরআন কারীমে 'সুন্নাত' শব্দটি ব্যবহৃত হয়েছে- 'প্রকৃতি', 'রীতি' বা 'নিয়ম' অর্থে। কুরআনে 'সুন্নাত' শব্দটি ১৩ বার ব্যবহার করা হয়েছে। 'সুন্নাতুল্লাহ' বা 'আল্লাহর সুন্নাত' বলতে- আল্লাহর বিধান বা তাঁর তৈরি প্রাকৃতিক নিয়মকে বোঝানো হয়েছে। এছাড়া 'সুন্নাতুল আওয়ালীন' বা 'পূর্ববর্তী জামানার মানুষদের সুন্নাত' বলতে বুঝানো হয়েছে নবী-রাসূলদেরকে অস্বীকার করায় তাদের অভ্যাস, কর্ম ও স্বভাব এবং আল্লাহর অমোঘ শাস্তির বিধান যা তাদেরকে ধ্বংস করেছে। ইরশাদ করা হয়েছে:

﴿فَلَمْ يَكُ يَنْفَعُهُمْ إِيمَانُهُمْ لَمَّا رَأَوْا بَأْسَنَا سُنَّةَ اللهِ الَّتِي قَدْ خَلَتْ فِي عِبَادِهِ﴾

"যখন তারা আমার শাস্তি দেখল, এরপর আর তাদের ঈমান তাদের কোনো উপকারে লাগল না। এটাই হলো আল্লাহর সুন্নাত (রীতি), যা তাঁর বান্দাদের মধ্যে অতিবাহিত হয়েছে (শাস্তি আসার পরে ঈমান আনলে কোনো লাভ হবে না)।[৩]

অন্যত্র ইরশাদ করা হয়েছে:

﴿فَهَلْ يَنْظُرُونَ إِلَّا سُنَّةَ الأَوَّلِينَ فَلَنْ تَجِدَ لِسُنَّةِ اللهِ تَبْدِيلا وَلَنْ تَجِدَ لِسُنَّةِ اللهِ تَحْوِيلا﴾

[২]. সুন্নাতের ব্যবহারিক অর্থের জন্য দেখুন: আলউদ্দীন বুখারী, কাশফুল আসরার আলা উসূলিল বাযদাবী ২/৬৫৩, মোল্লা আলী কারী, শারহু শারহি নুখবাতিল ফিকর, পৃ. ১৫৩-১৫৬।

[৩]. সূরা (৪০) মু'মিন: ৮৫ আয়াত।

"তাহলে কি তারা পূর্ববর্তী যুগের মানুষদের সুন্নাতের অপেক্ষা করছে? তুমি কখনই আল্লাহর সুন্নাতের কোনো পরিবর্তন পাবে না, তুমি কখনই আল্লাহ সুন্নাতের স্থানান্তর পাবে না।"[৪]

### (খ) হাদীস শরীফে 'সুন্নাত': ভালো বা মন্দ রীতি বা পদ্ধতি অর্থে

হাদীস শরীফে সাধারণত সুন্নাত শব্দটি রীতি, পদ্ধতি বা নিয়ম অর্থে ব্যবহৃত হয়েছে। হাদীসের আলোকে বুঝা যায় কোনো কাজ নিয়মিত রীতিতে পরিণত হলেই তাকে সুন্নাত বলা হয়। ভালো বা মন্দ কোনো কর্ম সমাজে প্রচলিত নিয়মে পরিণত হলে তাকে সুন্নাত বলা হয়েছে। আব্দুল্লাহ ইবনু মাস'ঊদ ﵁ বলেন:

كَيْفَ أَنْتُمْ إِذَا لَبِسَتْكُمْ فِتْنَةٌ يَهْرَمُ فِيهَا الْكَبِيرُ وَيَرْبُو فِيهَا الصَّغِيرُ وَيَتَّخِذُهَا النَّاسُ سُنَّةً فَإِذَا غُيِّرَتْ قَالُوا غُيِّرَتِ السُّنَّةُ قَالُوا وَمَتَى ذَلِكَ يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ قَالَ إِذَا كَثُرَتْ قُرَّاؤُكُمْ وَقَلَّتْ فُقَهَاؤُكُمْ وَكَثُرَتْ أُمَرَاؤُكُمْ وَقَلَّتْ أُمَنَاؤُكُمْ وَالْتُمِسَتِ الدُّنْيَا بِعَمَلِ الآخِرَةِ.

"এক সময় আসবে, যখন ফিতনা-ফাসাদ তোমাদের ঘিরে ফেলবে, ফিতনার মধ্যেই শিশুরা বড় হবে, বড়রা বৃদ্ধ হবে, মানুষেরা ফিতনাগুলোকেই সুন্নাত হিসাবে গ্রহণ করবে। যখন কোনো ফিতনা সংশোধন করা হবে বা পরিবর্তন করা হবে তখন মানুষেরা (আফসোস করে) বলবে: সুন্নাত পরিবর্তিত হয়ে গেল! সেই পরিস্থিতিতে তোমরা কী করবে? তাঁর সঙ্গীগণ জিজ্ঞাসা করেন: কখন এরূপ অবস্থা হবে? তিনি বলেন: যখন তোমাদের মধ্যে আবেদের সংখ্যা বেড়ে যাবে, অভিজ্ঞ ফকীহ আলেমদের সংখ্যা কমে যাবে, তোমাদের নেতা ও আমীরদের সংখ্যা বেড়ে যাবে কিন্তু বিশ্বস্ত ও সৎ মানুষদের সংখ্যা কমে যাবে, যখন মানুষ দুনিয়া (পার্থিব সুবিধা ও ফায়দা) লাভের উদ্দেশ্যে আখেরাতের কর্ম সম্পাদন করবে।"[৫]

আভিধানিক অর্থে 'সুন্নাত' ভালো বা মন্দ হতে পারে। জারীর ইবনু আব্দুল্লাহ ﵁ বলেন:

جَاءَ نَاسٌ مِنَ الأَعْرَابِ إِلَى رَسُولِ اللهِ ﷺ عَلَيْهِمُ الصُّوفُ فَرَأَى

[৪]. সূরা (৩৫) ফাতির: ৪৩ আয়াত। আল্লাহর সুন্নাত বিষয়ে আরো দেখুন: সূরা (১৭) বনী ইসরাঈল: ৭৭, সূরা (৩৩) আহযাব: ৩৮ ও ৬২, সূরা (৪৮) আল-ফাতহ: ২৩ আয়াত। পূর্ববর্তী যুগের মানুষদের সুন্নাত সম্পর্কে দেখুন: সূরা (৩) আলে ইমরান: ১৩৭, সূরা (৪) নিসা ২৬, সূরা (৮) আনফাল ৩৮, সূরা (১৫) হিজর: ১৩, সূরা (১৮) কাহাফ: ৫৫ আয়াত।

[৫]. দারেমী, সুনান, মুকাদ্দিমা, নং ১৮৫।

# দ্বিতীয় অধ্যায়
# সুন্নাত বনাম বিদ‘আত

## সুন্নাতের মুকাবিলায় বিদ‘আত

সুন্নাতের গুরুত্ব নির্দেশক হাদীস পর্যালোচনা করতে গিয়ে আমরা দেখতে পাই যে, অধিকাংশ হাদীসে সুন্নাতের গুরুত্ব বর্ণনা করতে গিয়ে পাশাপাশি বিদ‘আতের নিন্দা জ্ঞাপন করা হয়েছে। সুন্নাতের অনুসরণের নির্দেশনা দিতে গিয়ে বিদ‘আত বর্জনের নির্দেশনা দেওয়া হয়েছে। এসকল হাদীসের আলোকে আমরা দেখতে পাচ্ছি যে, বিদ‘আতের অপকারিতা বর্ণনা ব্যতিরেকে সুন্নাতের গুরুত্ব বর্ণনা পূর্ণ হচ্ছে না। এ থেকে আমরা বুঝতে পারছি যে, সুন্নাতকে বুঝতে হলে বিদ‘আতও বুঝতে হবে এবং সুন্নাত পালন করতে হলে বিদ‘আত পরিত্যাগ করতে হবে। এ জন্য আমরা এখানে বিদ‘আত সম্পর্কে আলোচনা করব।

বিদ‘আত শব্দের আভিধানিক অর্থ ‘নব উদ্ভাবন’। প্রখ্যাত আরবি অভিধান প্রণেতা আল্লামা ইবনু মানযুর [মৃ. ৭১১ হি.] বলেন: “বিদ‘আত অর্থ: নবসৃষ্টি এবং ধর্মের পূর্ণতার পরে যা উদ্ভাবন করা হয়েছে।”[১] বিদ‘আত শব্দটি এসেছে ‘বাদা‘আ’ ক্রিয়া থেকে, যার অর্থ: কোনো পূর্ব নমুনা ব্যতিরেকে কোনো কিছু সৃষ্টি করা, শুরু করা বা প্রচলন করা।”[২]

আমরা দেখেছি যে, বিদ‘আতকে বিভিন্ন হাদীসে ‘মুহদাসাত’ও

---

[১]. ইবনু মানযূর, লিসানুল আরব ৮/৬।

[২]. ইবনু ফারিস, মু'জাম মাকায়ীসুল লুগাত ১/২০৭; ইবনু মানযূর, লিসানুল আরব ৮/৬; আল-ফাইউমী, আল-মিসবাহুল মূনীর ১/৩৮।